৫৫

তারিখ 07 MAY 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

আজকের কাগজ

৫৫

# যশোরে বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবি

কাগজ প্রতিবেদক : সমাজ কল্যাণ ও মহিলা বিষয়কমন্ত্রী তরিকুল ইসলাম যশোর উন্নয়নের জন্যে দলমত নির্বিশেষে সমবেতভাবে কাজ করার আহবান জানিয়েছেন। গতকাল আইসিএমএ মিলনায়তনে যশোর জেলা ছাত্র কল্যাণ সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত ঈদ পুনর্মিলনী ও সংবর্ধনা '৯৩ উপলক্ষে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সমিতির সভাপতি ওমর মির্জার সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান, ডঃ সৈয়দ আকরাম হোসেন, যশোর সমিতির সভাপতি এমএস আকবর। ছাত্রদের মধ্যে বক্তব্য রাখেন জাহাঙ্গীর আলম, আখতারুজ্জামান, কাজী রফিকুল ইসলাম, শেখ সোহেল আহমেদ, কামরুল ইসলাম হিকু, আবদুল মজিদ, বিএম ইউসুফ আলী প্রমুখ। সভায় বক্তারা যশোরে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবি জানান।

অনুষ্ঠানে ওমর ফারুক, শামীমা ইয়াসমিন শান্তা, ধৃতি সুন্দর মল্লিক, কল্যাণ কুমার মন্ডল প্রমুখ কে কৃতী ছাত্র হিসেবে ক্রীড়া ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে আখতারুজ্জামানকে এবং সাংস্কৃতিক ক্ষেত্রে অবদানের জন্যে মনি কিশোরকে সোনার মেডেল প্রদান করেন প্রধান অতিথি মন্ত্রী তরিকুল ইসলাম। শেষে মনি কিশোরের একক সংগীতানুষ্ঠানের আয়োজন করা হয়।